সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১২তম সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১২তম সভা গত ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ অপরাহ্ন ৩:৩০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

১.	মো: গোলাম ফারুখ পরিচালক (অপারেশন)	সদস্য
২.	মো: মাহবুবুল আলম পরিচালক (অর্থ ও ক্রয়)	সদস্য
৩.	এমআইএম জুলফিকার প্রজেক্ট কো-অর্ডিনেটর, এসসিএমএফপি	সদস্য
৪.	মো: লুৎফর রহমান মহাব্যবস্থাপক (এমইএন্ডএল)	সদস্য
৫.	মো: শহিদ রহমত কাদির মহাব্যবস্থাপক (মানব সম্পদ)	সদস্য
৬.	ফওজিয়া তৌহিদ মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স)	সদস্য
৭.	মো: ইশতিয়াক মাহমুদ মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট

সভার আলোচ্যসূচী:

১. গত ২৮/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ।

২. এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ১ম (প্রথম) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

৩. বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-এর খসড়া প্রণয়ন।

৪. কোভিড-১৯ (COVID-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

৫. বিবিধ (যদি থাকে) ।

আলোচ্যসূচী-১:

গত ২৮/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১১তম সভার কার্যবিবরণী দৃঢ়করণ।

আলোচনার সারসংক্ষেপ:

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন নৈতিকতা কমিটির সভার গুরুত্ব বিষয়ে আলোচনা করেন। অতপর তিনি গত ২৮ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির একাদশ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা বা কারো কোনো মন্তব্য আছে কিনা জানতে চাওয়ায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কার্যবিবরণীটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে ঐক্যমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত:

২৮/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্যসূচী-২:

এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ১ম (প্রথম) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনাকে প্রকল্পের রেজাল্ট ফ্রেমওর্য়াক-এর সাথে তুলনা করেন। ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে কর্ম-পরিকল্পনার

- সূচক ১.১ (নৈতিকতা কমিটির সভা আয়োজন) অথাৎ প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার যে লক্ষ্যমাত্রা তা আজকের সভা অনুষ্ঠিত হবার মাধ্যমে অর্জিত হচ্ছে।
- সূচক ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন) এর অর্জন হচেছ এই সভা হতে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন।
- সূচক ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা) সম্পর্কে বলেন যে, এই প্রান্তিকে বিশ্ব ব্যাংকের সাথে আমাদের বেশ কয়েকটি সভা অনুষ্ঠিত হয়েছে যা আমাদের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন।
- সূচক ১.৪ (শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন):

  জনাব মো: গোলাম ফারুখ, পরিচালক (অপারেশন) তার মতামতে বলেন যে, এসডিএফ-এর উপকারভোগীসহ অঞ্চল, জেলা এবং সংশ্লিষ্টদের সাথে প্রধান কার্যালয়ের আয়োজনে জুম মিটিং-এর ব্যবস্থা করা হলে মাঠ পর্যায়ে অনিয়ম কমে আসবে।

  ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন শুদ্ধাচার নিয়ে তাত্ত্বিক আলোচনায় খুব ভালো ফল আসবে না বরং বেশী বেশী মাঠ পরিদর্শন করে প্রকল্প তত্বাবধান করে সমস্যা বের করে শুদ্ধাচারের বিষয়গুলো আলোচনা করলে ভালো ফল পাওয়া যাবে।

  প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ বলেন RELI প্রকল্পে শুদ্ধাচার বিষয়ে নতুন প্রশিক্ষণ ম্যাটেরিয়াল তৈরী করা হচ্ছে যা ব্যবস্থাপনা পরিচালককে সময় সময় অবহিত করা হয়েছে।

  জনাব এমআইএম জুলফিকার প্রজেক্ট কো-অর্ডিনেটর, সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্প (এসসিএমএফপি) বলেন চলমান মৎস্য প্রকল্পে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ পরিচালনার জন্য পৃথক বাজেট না থাকার বিয়য়ে তিনি ব্যবস্থাপনা পরিচালকে এর দৃষ্টি আকর্ষণ করেন এবং তার দিক নির্দেশনা কামনা করেন।

  এসসিএমএফপি-এর শুদ্ধাচার প্রশিক্ষণ বাজেট সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন এসসিএমএফপি প্রকল্পে প্রশিক্ষণ এর জন্য যথেষ্ট বাজেট থাকায় ক্লাস্টার/অঞ্চল পর্যায় এই প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে যেখানে আমাদের কর্মী এবং গ্রামের উপকারভোগীরা অংশগ্রহণ করবেন।
- সূচক ১.৫ (কর্ম-পরিবেশ উন্নয়ন)-এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে তবে ভুলক্রমে অর্জনের তারিখ না থাকায় তা সংশোধন করতে হবে। সংশোধিত কপি মন্ত্রণালয়ে পাঠাতে হবে এবং এসডিএফ-এর ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- সূচক ১.৮ (শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ) বিষয়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন RELI প্রকল্প শুরু হলে আমরা আবার নীতিমালা অনুযায়ী পুরষ্কার প্রদান করবো।
- সূচক ৩.১ (দুর্নীতির বিরুদ্ধে আইনগত পদক্ষেপ) বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন দুর্নীতির গুরুত্ব অনুধাবন করে শতভাগ দুর্নীতির বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণ করা হয়।
- সূচক-৩.২ (ই-ফাইলিং) সর্ম্পকে ব্যবস্থাপনা পরিচালক বলেন ই-ফাইলিং সর্ম্পকে আমাদের ধারণা পরিস্কার নয় তাই এ বিষয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ বলেন ই-ফাইলিং সংক্রান্ত ফোকাল পয়েন্ট মহাব্যবস্থাপক, প্রশাসনকে এই বিষয়ে উদ্যোগ নেবার জন্য তিনি কয়েকবার মনে করিয়ে দিয়েছেন। ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক সুশাসনকেও এই বিষয়ে উদ্যোগ নেবার জন্য নির্দেশনা

দেন। জনাব ইশতিয়াক মাহমুদ বলেন মন্ত্রণালয় হতে রির্সোস পারসন নিয়ে এসে এই প্রশিক্ষণ আয়োজন করলে ভালো হয়।

- সূচক ৩.৩ (নারীর ক্ষমতায়ন) এই সূচকে কর্মসূচি চলমান আছে।
- সূচক ৩.৪ (সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ)-এই সূচকের কার্যক্রম চলমান আছে।
- সূচক ৩.৫ (শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ)-এই সূচকের কার্যক্রম চলমান আছে।

সিদ্ধান্ত:

এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ -তে কিছু ত্রুটি থাকায় তা সংশোধন করে পুনরায় মন্ত্রণালয়ে পাঠাতে হবে। ই-ফাইলিং বিষয়ে একটি প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নিতে হবে।

আলোচ্যসূচী-৩:

বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-এর খসড়া প্রনয়ণ।

আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে, নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-এর খসড়া তৈরি করে জমা দিয়েছেন, যার কপি নৈতিকতা কমিটির সকল সদস্যকে দেওয়া হয়েছে।

সিদ্ধান্ত:

আগামী ০৭/১০/২০২১ তারিখের মধ্যে সবাই অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত খসড়া নির্দেশিকা পাঠ করে তা মন্তব্য সহকারে জমা দিবেন, অতপর তা আলোচনা পূর্বক চূড়ান্ত করে ওয়েবসাইটে আপলোড করা হবে।

আলোচ্যসূচী-৪ :

কোভিড-১৯ (COVID-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন কোভিড-১৯ (COVID-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালন বিষয়ে বলেন সকলেই এখন সচেতন। তিনি বলেন যে, স্বাস্থ্যবিধি মেনে চলা যার যার নিজ দায়িত্ব। সকল কর্মকর্তা/কর্মচারীদের এ সংক্রান্ত স্বাস্থ্যবিধি এবং অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট নির্দেশনা মেনে চলা উচিত। এ আলোচনায় উপস্থিত সকল সদস্য অংশগ্রহণ করেন।

বিবিধঃ

আলোচ্যসূচী-৫:

বিবিধ আলোচনায় অংশ নিয়ে মো: মাহবুবুল আলম, পরিচালক (অর্থ ও ক্রয়) এবং সদস্য প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি দুইটি প্রস্তাবনা রাখেন;

(ক) আমাদের সকল বিভাগ-এ অর্জন/সমস্যা নিয়ে প্রতি প্রান্তিকে একটি কো-অর্ডিনেশন সভার আয়োজন করা ।

(খ) আমাদের বিভিন্ন বিভাগের কর্মকর্তা দ্বারা মাঠ পরিদর্শনের প্রাপ্ত তথ্য, অডিটের প্রাপ্ত ফল নিয়ে করণীয় বিষয়ে উচ্চ পর্যায়ের সভা আয়োজন করা।

ফওজিয়া তৌহিদ মহাব্যবস্থাপক, কমিউনিকেশন্স বলেন যে, আমাদের অফিসের অ্যাটেনডেন্স ডিভাইস-এর সময় ২ মিনিট পেছানো রয়েছে যা তিনি ঠিক করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত:

আমাদের সকল বিভাগ-এ অর্জন/সমস্যা নিয়ে প্রতি প্রান্তিকে একটি কো-অর্ডিনেশন সভার আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয় এবং অ্যাটেনডেন্স ডিভাইস-এর সময় ঠিক করার জন্য ব্যবস্থাপনা পরিচালক তাৎক্ষনিকভাবে আইটি বিভাগকে নির্দেশ দেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ জেড এম সাখাওয়াত হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি